মেহেরপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জেলা বিএনপির শ্রদ্ধাঞ্জলি নিবেদন

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির পক্ষ থেকে মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

বৃহস্পতিবার (২৬ মার্চ) সকাল ১১টায় জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে একটি শোভাযাত্রা বের হয়। শহরের পাথর গেট থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে শোভাযাত্রাটি শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিস্তম্ভে পৌঁছায়।

সেখানে দলীয় নেতাকর্মীরা শহীদদের প্রতি পুষ্পস্তবক ও পুষ্পমাল্য অর্পণ করেন।

প্রথমে জেলা বিএনপি, সদর উপজেলা বিএনপি, পৌর বিএনপি তারপর জেলা মহিলা দলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে একে একে বিএনপির সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ পুষ্পস্তবক অর্পণ করেন।

শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত বক্তব্যে জেলা বিএনপির সভাপতি আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন বলেন, “মহান স্বাধীনতা আমাদের জাতির গৌরবের অর্জন। শহীদদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত এই স্বাধীনতার চেতনাকে সমুন্নত রাখতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “স্বাধীনতার প্রকৃত চেতনা প্রতিষ্ঠা করতে হলে গণতন্ত্র ও মানুষের অধিকার রক্ষায় সকলকে এগিয়ে আসতে হবে। শহীদদের স্বপ্ন বাস্তবায়নই আমাদের মূল লক্ষ্য।”

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইহান উদ্দিন মনা, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক

সম্পাদক আখেরুজ্জামান, রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, জেলা বিএনপির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সাবেক সদস্য মীর গোলাম ফারুক, সাবেক পিপি ও জেলা বিএনপির সাবেক আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট নাসিম, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহসহ অনেকে।

মাতৃভাষা দিবসে মেহেরপুরে বিএনপির শ্রদ্ধাঞ্জলি

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুরে বিএনপির শোভাযাত্রা ও শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। এছাড়াও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সাইফুল ইসলাম, শফিকুল ইসলামসহ স্থানীয় নেতৃবৃন্দ।

কর্মসূচিতে বিএনপি, যুবদল, ছাত্রদল, মহিলাদল, স্বেচ্ছাসেবক দল, কৃষকদল, মৎস্যজীবী দল ও তাঁতীদলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে একুশের প্রথম প্রহরে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি

একুশের প্রথম প্রহরে মেহেরপুরের ড. শহীদ সামসুজ্জোহা পার্কের কেন্দ্রীয় শহীদ মিনারের বেদিতে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন জেলা প্রশাসকসহ বিভিন্ন স্তুরের মানুষ।

একুশের প্রথম প্রহর রাত ১২ টা ১ মিনিটে রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের শ্রদ্ধা নিবেদনের মধ্যে দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন শুরু হয়।

পরে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার উজ্জল কুমার রায়, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ বখতিয়ার উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ ড. এ.কে.এম নজরুল কবির, জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম জাকারিয়া, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, বিএনপি চেয়ারপারসনের নিরাপত্তা টিমের পরিচালক (সমন্বয়) ক্যাপ্টেন (অব.) গনী উল আজম, জেলা বিএনপির পক্ষে সভাপতি জাবেদ মাসুদ মিল্টন, সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান জেলা বিএনপির পক্ষে, জেলা জামায়াতের পক্ষে রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন ও সেক্রেটারি ইকবাল হোসেন। পরে বিভিন্ন রাজনৈতিক ও সরকারি বেসরকারি বিভিন্ন দপ্তর প্রধানরা স্ব স্ব প্রতিষ্ঠান ও সংগঠণের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

মহান বিজয় দিবসে মেহেরপুর জেলা বিএনপি’র শ্রদ্ধাঞ্জলি

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে মেহেরপুরের কলেজ মোড় -এ শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানানো হয়।

শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে নেতৃত্ব দেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাবেক সদস্য ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ ও সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক

অ্যাডভোকেট মনা।

এছাড়াও জেলা বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে অংশ নেন।

শ্রদ্ধাঞ্জলি শেষে নেতৃবৃন্দ মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মহান বিজয় দিবসে এবি পার্টি মেহেরপুর জেলা শাখার শ্রদ্ধাঞ্জলি ও শুভেচ্ছা বিনিময়

মহান বিজয় দিবস উপলক্ষে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি), মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা নিবেদন করা হয়। এ উপলক্ষে সকালবেলা শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী শহীদদের স্মরণ করা হয়।

বিজয় দিবস শুধু একটি দিবস নয়- এটি বাঙালি জাতির হাজার বছরের লাঞ্ছনা, শোষণ ও সংগ্রামের চূড়ান্ত বিজয়ের প্রতীক। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত এই স্বাধীনতা আমাদের গর্ব, আমাদের অহংকার এবং আমাদের দায়িত্ববোধের চিরন্তন প্রেরণা। এই দিনে এবি পার্টি মেহেরপুর জেলা শাখা নতুন প্রজন্মের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দেওয়া, গণতন্ত্র, ন্যায়বিচার ও মানুষের অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনে বাংলাদেশ পার্টি (এবি পার্টি)’র মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও সহকারী সমন্বয়ক মো:

রফিকুজ্জামান রফিক, সহকারী সমন্বয়ক মো: নুরুজ্জামান তাজল এবং সহকারী সমন্বয়ক মোঃ আসাদুজ্জামান খান রাজু। স্থানীয় নেতাকর্মী, এ বি যুব পার্টির নেতাকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে বিজয় দিবসের শুভেচ্ছা বিনিময় করেন।

মো: রফিকুজ্জামান রফিক বলেন, “মহান বিজয় দিবস আমাদের মনে করিয়ে দেয়- এই দেশ কোনো উপহার নয়, এটি লাখো শহীদের রক্তের বিনিময়ে অর্জিত। বিজয়ের এই দিনে আমরা শপথ নিই, মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে একটি দুর্নীতিমুক্ত, মানবিক ও জনগণের কল্যাণভিত্তিক বাংলাদেশ গড়ে তুলব। এবি পার্টি মানুষের অধিকার ও মর্যাদা রক্ষায় আপোষহীনভাবে কাজ করে যাবে।”

মো: নুরুজ্জামান তাজল বলেন, “বিজয় দিবস আমাদের ঐক্য, সাহস ও আত্মত্যাগের শিক্ষা দেয়। শহীদদের স্বপ্নের বাংলাদেশ গড়তে হলে তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে। গণতন্ত্র, ন্যায়বিচার ও সামাজিক সমতার ভিত্তিতে একটি শক্তিশালী রাষ্ট্র গঠনে এবি পার্টি বদ্ধপরিকর।”

শেষে এবি পার্টি মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে মহান বিজয় দিবসে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয় এবং স্বাধীনতার চেতনায় দেশ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

মেহেরপুরে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি

মেহেরপুরে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে নির্মাণাধীন ‘জুলাই অভ্যুত্থান শহীদ স্মৃতিস্তম্ভে’ পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং

শিক্ষার্থীরা।

সর্বপ্রথম জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। পরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ও জেলা পরিষদের পক্ষ থেকেও তিনি শ্রদ্ধা নিবেদন করেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম, নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আখতারসহ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষার্থী এবং সাধারণ মানুষ।

শ্রদ্ধা নিবেদন শেষে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র শ্রদ্ধাঞ্জলি

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর সরকারি কলেজ থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন বলেন, “আমাদের জাতীয় জীবনে আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা টুকিমারা রাজনীতি করবেন না। যারা আপনাদের দেখে না, আপনাদের ফেলে রেখে পালিয়ে যায়, সেই নেতাদের প্রতি কিভাবে শ্রদ্ধা রাখেন, কিভাবে বিশ্বাস রাখেন—এটা বোধগম্য নয়।”

তিনি আরও বলেন, “যদি টুকিমারা রাজনীতি করেন, তবে জনগণ বুলডোজার

চালিয়ে আপনাদের নিশ্চিহ্ন করে দেবে। গত ১৬ বছরে আপনারা যে স্মৃতি রেখে গেছেন, যে অত্যাচারের চিহ্ন, যে রক্তের দাগ, যে লাশের উপহার দিয়েছেন, তা বাংলাদেশের মানুষ এত সহজে ভুলে যাবে—এটা ভাবাই ভুল।”

শ্রদ্ধাঞ্জলি নিবেদনের সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, আনছারুল হক, খাইরুল বাশার, হাফিজুর রহমান হাপি, ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ।

এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহ্বায়ক রাকিবুল ইসলাম সজল, ইলিয়াস হোসেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, সহ-সভাপতি আনিসুল হক লাভলু, যুগ্ম সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লায়ার, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ জেলা বিএনপি’র নেতাকর্মী ও বিভিন্ন অঙ্গসংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে শেখ হাসিনা ও জেলা যুবলীগের পক্ষে শ্রদ্ধাঞ্জলি !

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে শহরের কলেজ মোড়স্থ স্মৃতিসৌধে বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর জেলা যুবলীগের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

ধারণা করা হচ্ছে রবিবার দিবাগত রাত ১২ টা থেকে ১ টার মধ্যে কলেজ মোড়স্থ স্মৃতিসৌধে এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে আওয়ামী ও যুবলীগের নেতাকর্মীরা। তবে কারা এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন তা

জানা যায়নি।

শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পরপরই দুটি পুস্পমাল্যর কয়েকটি ছবি মেহেরপুর প্রতিদিনে পৌছানো হয়েছে। পুস্পমাল্যের একটিতে লেখা রয়েছে মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি শেখ হাসিনার পক্ষে, অপরটিতে লেখা রয়েছে মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি মেহেরপুর আওয়ামী যুবলীগের পক্ষে। এর বেশি কিছু জানা যায়নি।

মুজিবনগরে মহান বিজয় দিবসে বিএনপির শ্রদ্ধাঞ্জলি

মুজিবনগরে মহান বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন বিএনপির নেতা কর্মীরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপির ১নং যুগ্ন আহবায়ক ও উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে বিএনপির নেতাকর্মীরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় উপজেলা বিএনপি, উপজেলা যুবদল, সেচ্ছাসেবকদল,কৃষকদল, ছাত্রদলসহ বিএনপির অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ বিজয় র্যালি সহকারে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন করে মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেছেন।

অন্যদের মধ্যে বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক, সাইফুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদ,উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক, সিরাজুল ইসলাম,সেচ্ছাসেবক নেতা জেমস,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল, উপজেলা জাসাস এর সভাপতি হেলাল খানসহ উপজেলা বিএনপি যুবদল কৃষক দল স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]



পরে একে একে মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, সিভিল সার্জন অফিস, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরেপুর সরকারি মহিলা কলেজ, জেলার বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
শ্রদ্ধা নিবেদন শেষে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়।